



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ১৩ /চট্টগ্রাম-২৮৩

তারিখ: ২২.০১.২০২০খ্রি.

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২৮০০/২০১৯ প্রদত্ত আদেশ মোতাবেক দরখাস্ত তারিখ: ২১/০১/২০১৯ খ্রি. নিষ্পত্তি প্রসঙ্গে

সূত্র: ১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৩০৮৩/চট্টগ্রাম-২৮৩; তারিখ: ০৬.০৫.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে চট্টগ্রাম জেলার পতেঙ্গা উপজেলাধীন মাইজপাড়া গাউছিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসার সহ সুপার জনাব মো: শামসুর রহমানকে এডহক কমিটির সভাপতি কর্তৃক বিধি বহির্ভূতভাবে সাময়িক বরখাস্ত করা হয়। যার বিরুদ্ধে উক্ত মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সহ সুপার মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ২৮০০/২০১৯ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট কর্তৃক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জনাব মো: শামসুর রহমান এর আবেদনের বিষয়টি বোর্ড কর্তৃক নিষ্পত্তি করার জন্য আদেশ জারি করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়ন ও সৃষ্ট জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ড কর্তৃক উভয় পক্ষের উপস্থিতিতে শুনানী গ্রহণ করার জন্য সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উক্ত শুনানীতে উভয় পক্ষ মিলেমিশে মাদ্রাসার কার্যক্রম পরিচালনা করবেন এই মর্মে লিখিত অজ্ঞিকার করেন। একইসাথে ম্যানেজিং কমিটি জনাব মো: শামসুর রহমান, সহ সুপারের সাময়িক বরখাস্ত প্রত্যাহার করবেন এবং উভয়ে ৩০০/- নন জুডিসিয়াল স্ট্যাম্প অজ্ঞিকার নামায় স্বাক্ষর করে সমঝোতা করবেন মর্মে শুনানীতে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়ন ও সৃষ্ট জটিলতা নিরসনকল্পে উভয় পক্ষের উপস্থিতিতে অত্র বোর্ডের সভায় সিদ্ধান্ত অনুযায়ী মাদ্রাসার সুপার ও ম্যানেজিং কমিটির সভাপতিকে উক্ত সহ সুপারের সাময়িক বরখাস্ত প্রত্যাহার করে তাঁকে স্বপদে বহাল করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

- ১) সভাপতি, মাইজপাড়া গাউছিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, পতেঙ্গা, চট্টগ্রাম
- ২) সুপার, মাইজপাড়া গাউছিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, পতেঙ্গা, চট্টগ্রাম

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশাসন/

/চট্টগ্রাম-২৮৩

তারিখ: .০১.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, পতেঙ্গা, চট্টগ্রাম;
৪. জনাব মুহাম্মদ শামছুর রহমান (সহ সুপার), মাইজপাড়া গাউছিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, পতেঙ্গা, চট্টগ্রাম;
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার(প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪